রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৯, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হইবে]

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শাখা: পার-৪

## প্রজ্ঞাপন

তারিখ, ৩রা পৌষ, ১৩৯৯/১৭ই ডিসেম্বর ১৯৯২

এস, আর, ও নং ২৬৭-আইন/৯২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা) শিক্ষানবিসগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ সাভারস্থ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান;



মূল্য: টাকা ২.০০

(ঘ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৪এ উল্লিখিত বিভাগীয় পরীক্ষা;

(ঙ) "শিক্ষানবিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা) এর স্থায়ী শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(চ) "শিক্ষানবিসকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 6 এ উল্লেখিত মেয়াদ এবং উক্ত rule অনুসারে বর্ধিত বা বর্ধিত বলিয়া গণ্য মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। বুনিয়াদী প্রশিক্ষণ।—(১) সরকার প্রত্যেক শিক্ষানবিসকে তাহার শিক্ষানবিসিকালে Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 7 এর বিধান অনুসারে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ (Foundation Training) দানের ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে সরকার প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান বুনিয়াদী প্রশিক্ষণের পাঠ্যক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার প্রয়োজনবোধে উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) কোন প্রশিক্ষণার্থী সফলতার সহিত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৪। বিভাগীয় পরীক্ষা।—(১) শিক্ষানবিসকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিলে বর্ণিত পাঠ্যক্রম এবং বিধিমালার বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় পাস করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লেখিত পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৫। বিভাগীয় পরীক্ষার সময়সূচী, ইত্যাদি।—প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে, বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং কমিশন উক্ত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুষংগিক তথ্যাদি সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৬। বিভাগীয় পরীক্ষায় পাসের নম্বর।—(১) তফসিলে বর্ণিত পাঠ্যক্রমের তিনটি পত্রের প্রতিটি ক্ষেত্রে কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় শতকরা ৬০ নম্বর পাইলে তাহাকে কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিসের পরীক্ষার ফলাফল গেজেটে প্রকাশ করিবে।

৭। একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ।—কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লেখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাঁহার শিক্ষানবিসকালে সেই পত্রে বা পত্রসমূহে পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য তাঁহাকে সরকার এক বা একাধিকবার সুযোগ প্রদান করিতে পারিবে।

৮। প্রশ্নপত্র।—(১) তফসিলে উল্লেখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

(২) দ্বিতীয় পত্রের প্রশ্ন মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক মনোনীত উপ-মহা হিসাব নিয়ন্ত্রকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

৯। তফসিল সংশোধন।—সরকার প্রয়োজনবোধে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

## তফসিল

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

বি, সি, এস (পরিবার পরিকল্পনা) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম।

### প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময়: ৩ ঘন্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর: ৬০

পাঠ্য বিষয়:

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

২। Government Servants (Conduct) Rules, 1979.

৩। Government Servants (Discipline and Appeal) Rules, 1985.

৪। Public Employees (Punctual Attendance) Order, 1982 (XXXIV of 1982)

৫। Government Servants (special provisions) Order, 1979 (XI of 1979)

৬। Bangladesh Civil Service Recruitment Rules, 1981.

৭। Bangladesh Public Service Commission Regulation, 1979.

৮। Official Secrets Act, 1923 (XIX of 1923).

৯। সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬।

১০। সরকারী কার্যবিধিমালা, ১৯৭৫।

বি, সি, এস (পরিবার পরিকল্পনা) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম

দ্বিতীয় পত্র

হিসাব (পুস্তকসহ)

সময়: ৩ ঘন্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর: ৬০

পাঠ্য বিষয়:

১। Bangladesh Financial Rules,

২। Fundamental Rules and Supplementary Rules,

৩। Public Servants (Recruitment) Act, 1974 (XXI of 1974).

৪। Government and Autonomous Bodies Employees Benevolent Fund and Group Insurance Ordinance, 1982 (XXXIX of 1982).

৫। ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯।

৬। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানের আর্থিক ক্ষমতা।

৭। Prescribed Leave Rules, 1959.

৮। Treasury Rules, (Volume I and II).

৯। Rules of Business, 1975.

১০। অফিস নিরাপত্তা বিধি।

১১। বাজেট প্রস্তুতকরণ নিয়মাবলী।

১২। Public Demands Recovery Act, 1913 (III of 1913).

১৩। হিসাব পদ্ধতির সাধারণ ধারণা।

বি, সি, এস (পরিবার পরিকল্পনা) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম

তৃতীয় পত্র

পরিবার পরিকল্পনা ও সংশ্লিষ্ট

কার্যক্রম বিষয়ক (পুস্তক ব্যতীত)।

সময়: ৩ ঘন্টা

পূর্ণ নম্বর: ১০০

পাস নম্বর: ৬০

পাঠ্য বিষয়:

১। জননিতিক।

২। বাংলাদেশের জনসংখ্যা নীতি ও পরিস্থিতি।

৩। পরিবার পরিকল্পনা, মাতৃমংগল ও শিশু স্বাস্থ্য পরিচর্যা।

৪। পরিবার পরিকল্পনা কার্যক্রমে প্রয়োজনীয় দ্রব্যাদির ব্যবস্থাপনা।

৫। Births and Death Registration Act, 1873 (Ben, Act, IV of 1873).

৬। Births, Deaths and Marriage Registration Act, 1886 (VI of 1886).

৭। Muslim Family Law Ordinance, 1961 (VIII of 1961).

৮। Child Marriage Restraint Act, 1929 (XIX of 1929).

৯। Children Act, 1974 (XXXIX of 1974).

১০। Special Marriage Act, 1872 (III of 1872).

১১। Marriage Validation Act, 1892 (II of 1892).

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ শামীম আহসান

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।